দৈনিক বাংলা

0 016

তারিখ ... ২৫.১.৮৫ ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# লেখিকা সংঘের সাহিত্য পদক বিতরণ

বাংলাদেশ লেখিকা সংঘের ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী ও সাহিত্য পদক বিতরণী অনুষ্ঠান সম্প্রতি শিশু একাডেমীতে অনুষ্ঠিত হয়েছে। মিসেস আখতার ইমামের সভানেত্রীত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ক্রীড়া ও সংস্কৃতি বিভাগের সচিব জনাব আসাফ-উদ্দৌলাহ। বিশেষ অতিথি ছিলেন জনাব সৈয়দ শামসুল হক।

কবিতায়—কবি শামসুর রাহমান এবং ছোট গল্পে—মিসেস মাফরুহা চৌধুরীকে সংঘের সাহিত্য পদক '৮২ প্রদান করা হয়। অনুষ্ঠানে সাহিত্য পদক '৮৩ প্রাপ্তদের নামও ঘোষণা করা হয়। এরা হলেন প্রবন্ধ—ডঃ নীলিমা ইব্রাহিম ও উপন্যাসে জনাব সৈয়দ শামসুল হক। খবর বিজ্ঞপ্তির।



বাংলাদেশ লেখিকা সংঘের প্রতিষ্ঠা বার্ষিকী ও সাহিত্য পদক বিতরণী অনুষ্ঠানে (বাঁ দিক থেকে) সংঘের সভানেত্রী মিসেস আখতার ইমাম, প্রধান অতিথি মোহাম্মদ আসাফউদ্দৌলা, বিশেষ অতিথি সৈয়দ শামসুল হক, সাহিত্য পদক প্রাপ্ত মিসেস মাফরুহা চৌধুরী ও সংঘের সহ-সভানেত্রী মিসেস খালেদা সালাহউদ্দিনকে উপবিষ্ট দেখা যাচ্ছে।